

উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার।


উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কামরুন্নেছা বেবি, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
তারিখ ও সময় : ০৬/০৬/২০২২ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃষ্টীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
স্থানীয় রাজমিস্ত্রি ও রংমিস্ত্রিদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা	উপজেলা প্রকৌশলী বলেন, স্থানীয় রাজমিস্ত্রি ও রং মিস্ত্রি গতানুগতিক ধারায় নির্মাণ কাজ করায় কাজের গুণগত মান ব্যাহত হয় এবং নির্মাণ উপকরণের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত সম্ভব হয় না। এ ছাড়া তাদের নকশা মোতাবেক কাজের দক্ষতা কম। এ কারণে নকশা না বুঝে গতানুগতিক ধারায় কাজ করায়, কাজের মান খারাপ হয়। এ সব দিক বিবেচনা করে স্থানীয় রাজমিস্ত্রি ও রং মিস্ত্রিদের কারিগরি বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে কাজের গুণগত মান বৃদ্ধি করা এবং নির্মাণ উপকরণের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা অতীব প্রয়োজন। এ ধরনের প্রশিক্ষণ হাতে নিলে স্থানীয় রাজমিস্ত্রি ও রং মিস্ত্রিদের নকশা মোতাবেক কাজের দক্ষতা বৃদ্ধি পাবে, অবকাঠামোগত নির্মাণ কাজের গুণগত মানের উন্নয়ন হবে এবং তাদের আয় বৃদ্ধি পাবে।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী এর সাথে উপস্থিত সকলে একমত পোষন করেন এবং স্থানীয় রাজমিস্ত্রি ও রংমিস্ত্রিদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ গ্রহণের নিমিত্ত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(কামরুন্নেছা বেবি)

সভাপতি

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, উখিয়া।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে





- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া
- ৩। অফিস নথি।

উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটির সভার উপস্থিতির হাজিরা

স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ

তারিখ : ০৬/০৬/২০২২ খ্রি.

নাম	পদবী	প্রতিষ্ঠান ও ঠিকানা	কমিটিতে পদ	স্বাক্ষর
সামসুন্নেছা বেগম	মহিলা ভাইস চেয়ারম্যান	উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার	সভাপতি	
বুরুল হুদা	চেয়ারম্যান	রত্নাপালাং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	
সৈয়দ আলম	চেয়ারম্যান	জালিয়াপালাং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	
মো: আল মামুন	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় উখিয়া, কক্সবাজার	সদস্য	
মো. মোস্তফিজুল হক	উপজেলা প্রকৌশলী	উপজেলা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উখিয়া, কক্সবাজার	সদস্যসচিব	